

-নিলাম বিজ্ঞপ্তি-

আদিষ্টক্রমে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রামের অভ্যন্তরে মৃত গাছ ও পুরাতন/নষ্ট টিন (যেখানে যে অবস্থাতে আছে ভিত্তিতে) দরপত্র বন্ধ খামে নিলামে বিক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই গর্মে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিদ্বারকে নিম্নরূপ শর্তসাপেক্ষে বন্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

শর্তাবলী:

- (১) আগামী ০৪/০৩/২০২৬ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় আহবায়ক, নিলাম বিক্রয় কমিটি এর কক্ষে বন্ধ খামে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। ঐদিন বেলা ১২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক দরদাতাকে অবশ্যই ০৪/০৩/২০২৬ইং তারিখ বেলা ১১.৪৫ ঘটিকা বা উক্ত তারিখের পূর্বে দরপত্র জমা দিতে হবে। বেলা ১১.৪৫ ঘটিকার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- (২) এতদসংক্রান্ত ব্যাপারে আগামী ০৩/০৩/২০২৬ইং তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা সময়ে নিলাম যোগ্য মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে। উক্ত সময়ের পর মালামাল পরিদর্শন বা অন্য কোনো বিষয় সংক্রান্ত অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
- (৩) এতদসংক্রান্ত দরপত্র তফসীল বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা, কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম বরাবরে ডিডি/পে-অর্ডার আকারে (সোনালী ব্যাংক, মেরিন একাডেমি শাখার অনুকূলে) আকারে জমা দিয়ে একাডেমির হিসাব শাখা হতে ০৩/০৩/২০২৬ইং তারিখ পর্যন্ত অফিস চালাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- (৪) বন্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য জামানত (ফেরতযোগ্য) হিসেবে দরপত্র এর বিপরীতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দরপত্রের সাথে জমা দিতে হবে।
- (৫) নিলামে অংশ গ্রহণের জন্য ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, টিন সার্টিফিকেট (যদি থাকে) এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, টিন ও ভ্যাট সার্টিফিকেট এর কপি সংযুক্ত করতে হবে।
- (৬) বন্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ তাদের নিজ নিজ দর আইটেম ভিত্তিক অংকে এবং সর্বমোট অংকে ও কথায় উল্লেখ করবেন। বন্ধ খামে সফলকাম নিলাম দরদাতা তার প্রদানকৃত সর্বোচ্চ মোট মূল্য, ভ্যাট ও আয়কর সরকার কর্তৃক নির্ধারিত হারে সমুদয় অর্থ কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিশোধ করবেন এবং কার্যাদেশের নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও খরচে বন্ধ খামে নিলাম ডাকে বিক্রিত মালামাল একাডেমি হতে সরিয়ে নিতে হবে এবং মালামাল গ্রহণের সময় সরকারি কোন সম্পদ/ অবকাঠামো কোনরূপ ক্ষতি হলে তার দায়ভার গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল করা হবে।
- (৭) বন্ধ খামে নিলাম ডাক সংক্রান্ত বিষয়ে দরপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রকৌ: মোহাম্মদ মাহমুদ মিয়া
অফিসার ইন-চার্জ স্টোর
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।

বিতরণ:

- ১। প্রশাসনিক ভবন, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ২। মেইন গার্ডরুম, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৩। একাডেমি শপিং কমপ্লেক্স, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৪। ১১ নং পতেঙ্গা জেটি, নোটিশ বোর্ড বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৫। ১নং বৈরাগ ইউনিয়ন পরিষদ ভবন, নোটিশ বোর্ড, আনোয়ারা, চট্টগ্রাম।

অনুলিপি: সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ২। নৌ-শিক্ষা প্রধান (অ.দা.), বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৩। প্রধান প্রকৌশলী (অ.দা.), বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৪। প্রধান শিক্ষা কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৫। এ্যাডজুটেন্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৬। সভাপতি ও সদস্য, নিলাম কমিটি, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৮। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম (একাডেমির ওয়েব সাইটে প্রকাশকরণ কার্যার্থে)।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ১০। নিলামকৃত মালামাল সংশ্লিষ্ট দপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম (মালামাল পরিদর্শন কাজে সহযোগিতা কার্যার্থে)।
- ১১। গার্ড ইন-চার্জ, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।

প্রকৌশলী মোহাম্মদ মাহমুদ মিয়া
অফিসার ইন-চার্জ স্টোর
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।